# পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি
# POWER GRID BANGLADESH PLC
*(An Enterprise of Bangladesh Power Development Board)*

Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 Web: www.powergrid.gov.bd

স্মারক নং- ২৭.২১.০০০০.০০০.২০১.১১.০০০১.২৬.২৫৭৫ তারিখ: ০৮/০৬/২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি দেশব্যাপী বিদ্যুতের জাতীয় গ্রিড পরিচালন, সংরক্ষণ ও উন্নয়ন কাজে নিয়োজিত। পাওয়ার গ্রিডের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম, বেতন গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | **জুনিয়র হিসাব সহকারী**<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং চাকুরি বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ১০টি | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ফাইন্যান্স/ফাইন্যান্স এন্ড ব্যাংকিং/এআইএস বিষয়ে কমপক্ষে বিবিএ/বিবিএস (সম্মান) ডিগ্রি।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ২.৮২ এবং ৪.০০ স্কেলে ন্যূনতম ২.২৫ থাকতে হবে। প্রচলিত পদ্ধতিতে (শ্রেণি/বিভাগ) উত্তীর্ণ প্রার্থীদের কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের কোন পরীক্ষার ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ২. | **জুনিয়র ব্যক্তিগত সচিব**<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং চাকুরি বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ০৪টি | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে স্নাতক/সমমান ডিগ্রি।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ২.৮২ এবং ৪.০০ স্কেলে ন্যূনতম ২.২৫ থাকতে হবে। প্রচলিত পদ্ধতিতে (শ্রেণি/বিভাগ) উত্তীর্ণ প্রার্থীদের কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের কোন পরীক্ষার ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৩. | **জুনিয়র প্রশাসনিক সহকারী/ জুনিয়র প্রশাসনিক সহকারী কাম ভান্ডার সহকারী**<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং চাকুরি বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ১৪টি | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে কমপক্ষে স্নাতক/সমমান ডিগ্রি।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ২.৮২ এবং ৪.০০ স্কেলে ন্যূনতম ২.২৫ থাকতে হবে। প্রচলিত পদ্ধতিতে (শ্রেণি/বিভাগ) উত্তীর্ণ প্রার্থীদের কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের কোন পরীক্ষার ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ৪. | **জুনিয়র নিরাপত্তা পরিদর্শক**<br>বেতন গ্রেড-১১, বেতন স্কেল-২৩,০০০/- এবং চাকুরি বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ০২টি | (ক) ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে কমপক্ষে স্নাতক/সমমান ডিগ্রি। তবে সামরিক বাহিনির নন-কমিশন্ড অফিসারদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এইচএসসি/সমমান।<br>(খ) গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সিজিপিএ/জিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ২.৮২ এবং ৪.০০ স্কেলে ন্যূনতম ২.২৫ থাকতে হবে। প্রচলিত পদ্ধতিতে (শ্রেণি/বিভাগ) উত্তীর্ণ প্রার্থীদের কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের কোন পরীক্ষার ফলাফল গ্রহণযোগ্য হবে না।<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে এবং প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(ঘ) সামরিক/আধাসামরিক/আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। এসব প্রার্থীদের ক্ষেত্রে চাকুরির অবসর সংক্রান্ত যথাযথ কর্তৃপক্ষের আদেশের কপি প্রমানক হিসেবে দাখিল করতে হবে। |
| ৫. | **নিরাপত্তা প্রহরী**<br>বেতন গ্রেড-১৫, বেতন স্কেল-১৪,৫০০/- এবং চাকুরি বিধি মতে প্রযোজ্য অন্যান্য ভাতা/সুবিধাদি। | ১১টি | (ক) এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) ন্যূনতম জিপিএ ৫.০০ স্কেলের মধ্যে ২.০০ থাকতে হবে।<br>(গ) সামরিক/আধাসামরিক/সশস্ত্র বাহিনী/বিজিবি/পুলিশ/আনসার (নিয়োজিত) সদস্যগণ অগ্রাধিকার পাবেন (এসব প্রার্থীদের ক্ষেত্রে চাকুরির অবসর সংক্রান্ত যথাযথ কর্তৃপক্ষের আদেশের কপি প্রমানক হিসেবে দাখিল করতে হবে)।<br>(ঘ) উচ্চতা ন্যূনতম ৫ ফুট ৬ ইঞ্চি এবং বুকের মাপ ন্যূনতম ৩২ ইঞ্চি হতে হবে।<br>(ঙ) প্রার্থীকে অবশ্যই সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| | **মোট** | **৪১টি** | |

**নির্দেশাবলি/শর্তাবলি:**

১. আগ্রহী প্রার্থীদের অনলাইনে টেলিটক বাংলাদেশ লিঃ এর ওয়েবসাইট **https://powergrid.teletalk.com.bd** এর মাধ্যমে ১০/০৬/২০২৬ হতে ৩০/০৬/২০২৬ তারিখের (বিকাল ০৫:০০টা পর্যন্ত) মধ্যে "আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলি" অনুসরণপূর্বক আবেদন করা যাবে।

২. আবেদন ফি:

(১) ক্রমিক নং ০১-০৪ এর জন্য: টেলিটক এর সার্ভিস চার্জসহ অফেরতযোগ্য ১১২/- (একশত বারো) টাকা;

(২) ক্রমিক নং ০৫ এর জন্য: টেলিটক এর সার্ভিস চার্জসহ অফেরতযোগ্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা;

৩. বর্ণিত পদসমূহে আবেদনের ক্ষেত্রে উল্লিখিত ফি টেলিটক বাংলাদেশ লিঃ এর যে কোন মোবাইল সংযোগ হতে এসএমএস এর মাধ্যমে **https://powergrid.teletalk.com.bd** অথবা **https://www.powergrid.gov.bd** ওয়েবসাইটে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রেরণ করতে হবে।

৪. যারা সম্প্রতি উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার পরীক্ষায় অংশগ্রহণ করেছেন, কিন্তু সার্টিফিকেট পাননি/এ্যাপিয়ার্ড (ফলাফল প্রত্যাশী) এরূপ প্রার্থীদের সংশ্লিষ্ট পদে আবেদন করার প্রয়োজন নেই।

৫. বৈদেশিক ইনস্টিটিউট হতে ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে বাংলাদেশের ইউজিসি/সরকারের সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে সমতুল্য ডিগ্রির প্রত্যয়নপত্র প্রয়োজন হবে।

৬. ০৮/০৬/২০২৬ তারিখে যাদের বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে তারা আবেদন করতে পারবে। তবে ক্রমিক-৪ এ জুনিয়র নিরাপত্তা পরিদর্শক এর ক্ষেত্রে অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর সদস্যদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য এবং ক্রমিক-৫ এ নিরাপত্তা প্রহরী পদে অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর সৈনিকদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এছাড়া, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৭. বিভাগীয় প্রার্থীদের অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি সংশ্লিষ্ট দপ্তরের মাধ্যমে মহাব্যবস্থাপক (পিএন্ডএ), প্রধান কার্যালয়, পাওয়ার গ্রিড বরাবর নির্ধারিত তারিখ অর্থাৎ ৩০/০৬/২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

৮. সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও সরকারি মালিকানাধীন কোম্পানি/কর্পোরেশন এ চাকুরিরত প্রার্থীদের অনাপত্তিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে অর্থাৎ অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের হার্ড কপি অনাপত্তিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাব্যবস্থাপক (পিএন্ডএ), পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি, প্রধান কার্যালয়, গ্রিড ভবন, এভিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২ বরাবর নির্ধারিত সময়ে অর্থাৎ ৩০/০৬/২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

৯. সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরণপূর্বক প্রার্থী নির্বাচন করা হবে। এক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নির্দেশনা/নীতিমালা অনুসরণ করে যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১০. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছরের প্রবেশনসহ ০৫ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। প্রবেশনকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে পাওয়ার গ্রিডের চাকুরি বিধি অনুযায়ী চাকুরি নিশ্চিত করা হবে এবং ব্যক্তিগত কর্মমূল্যায়নের ভিত্তিতে পরবর্তীতে চাকুরি চুক্তি নবায়নযোগ্য হবে।

১১. কেবলমাত্র উপরে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে যথাযথ প্রক্রিয়ায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো। ব্যক্তিগত/শিক্ষাগত/কোটা ইত্যাদি সংক্রান্ত যে কোন তথ্য/দলিলাদি গোপন বা অসত্য তথ্য প্রদান করে আবেদন দাখিল করলে এবং পরবর্তীতে তা উদঘাটিত/প্রমানিত হলে নির্বাচন প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে অথবা নিয়োগ/চাকুরিকালীন তার প্রার্থীতা/নিয়োগচুক্তি বাতিল বলে গণ্য হবে।

১২. পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বা এর যে কোন শর্ত সংশোধন/স্থগিত/বাতিল/নিয়োগের বিষয়ে যে কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

১৩. যে কোন ধরনের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

**মহাব্যবস্থাপক (পিএন্ডএ)**

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি